

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রংপুর সরকারি কলেজ, রংপুর।

ফোন ও ফ্যাক্স : ০৫২১-৬৩১১০, ই-মেইল : rangpurcollege@yahoo.com, website address : www.rgc.gov.bd

নং- ৬২৭

তারিখঃ ২৫-০৫-২০১৬ ইং

## একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি


সেশন ২০১৬-২০১৭

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রণালয়ের জারিকৃত বিজ্ঞপ্তি নং শা:৬/১৩বিবিধ-২৮/২০০৭/(অংশ-১)/৬০৫শিক্ষা, তারিখ: ১২/০৫/২০১৬ খ্রিঃ মোতাবেক নিম্ন লিখিত শর্ত, সূচি ও প্রক্রিয়া অনুযায়ী অত্র কলেজের ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

- ১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ভর্তির সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।
- ২। আবেদনের যোগ্যতাঃ যে সমস্ত ছাত্র-ছাত্রী ২০১৪, ২০১৫, ২০১৬ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ করেছে এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধিনে ২০১৩, ২০১৪, ২০১৫, ২০১৬ সালে এসএসসি বা সমমান পরীক্ষায় পাশ করেছে শুধু তারা আবেদন করতে পারবে।
- ৩। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতাঃ
  - ক) বিজ্ঞান শাখাঃ এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা বিজ্ঞান বিভাগ হতে জিপিএ ৫.০ পেয়েছে তারাই বিজ্ঞান শাখায় ভর্তির জন্য আবেদন করতে পারবে।
  - খ) মানবিক শাখাঃ এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা মানবিক বিভাগ হতে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারাই মানবিক শাখায় ভর্তির জন্য আবেদন করতে পারবে।
  - গ) ব্যবসায় শিক্ষা শাখাঃ এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা ব্যবসায় শিক্ষা বিভাগ হতে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারাই ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ৪। শাখা পরিবর্তনের মাধ্যমে আবেদনঃ

একজন শিক্ষার্থী একাধিক শাখায় আলাদাভাবে ভর্তির জন্য আবেদন করতে পারবে অর্থাৎ এক শাখা থেকে পাশ করা ছাত্র-ছাত্রীরা নিম্নশর্ত মোতাবেক অন্য শাখায় আবেদন করতে পারবে। তবে একাধিক শাখায় আবেদনের ক্ষেত্রে পৃথক পৃথক আবেদন/এসএমএস পাঠাতে হবে। প্রতিক্ষেত্রেই ফি বাবাদ ১২০/- (একশত বিশ) টাকা প্রদান করতে হবে।

  - বিজ্ঞান থেকে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখাঃ এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা বিজ্ঞান থেকে ন্যূনতম জিপিএ ৪.৫০ পেয়েছে তারাই বিজ্ঞান শাখা থেকে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় আবেদন করতে পারবে।
  - মানবিক থেকে ব্যবসায় শিক্ষা শাখাঃ এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা মানবিক থেকে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারাই মানবিক শাখা থেকে ব্যবসায় শিক্ষা শাখায় আবেদন করতে পারবে।
  - ব্যবসায় শিক্ষা শাখা থেকে মানবিক শাখাঃ এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা ব্যবসায় শিক্ষা থেকে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারাই ব্যবসায় শিক্ষা থেকে মানবিক শাখায় আবেদন করতে পারবে।
- ৫। আবেদনের সময় সীমাঃ অনলাইনে ২৬/০৫/২০১৬ হতে ০৯/০৬/২০১৬ পর্যন্ত।
- ৬। অনলাইন ও এসএমএস এর মাধ্যমে আবেদন ফি সহ ভর্তির নিয়মঃ
  - ক) শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব এর ঠিকানা [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)। অনলাইনের আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি টেলিটকের মাধ্যমে জমা সাপেক্ষে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের পছন্দক্রম দিতে পারবে। অনলাইনে মাত্র একবারই আবেদন করতে পারবে।
  - খ) অন্যদিকে এসএমএস এর ক্ষেত্রে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে পছন্দক্রম অনুযায়ী একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে।
- ৭। আসন সংখ্যাঃ রংপুর সরকারি কলেজের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির আসন সংখ্যা নিম্নরূপ- বিজ্ঞান ৬০০+মানবিক ৩০০+ব্যবসায় শিক্ষা ৩০০= মোট ১২০০টি।

  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রংপুর সরকারি কলেজ, রংপুর

ফোনঃ ০৫২১-৬৩১১০

কানিজ উম্মে নাজমা নাসরীন  
আই ডি নং-০০০০৫১৭৮  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
রংপুর সরকারি কলেজ, রংপুর।